

২০ Report

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রীদের আবাসন সঙ্কটের সুরাহা এখনো হয়নি

বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের আবাসন সঙ্কটের সুরাহা এখনো হয়নি। ছাত্রীদের মধ্যে এখনো চাপা কৈত বিরাজ করছে। তাদের অভিযোগ, শনিবার রাতে আবাসনের দাবিতে আন্দোলনের সময় লিখিত স্মৃতিপত্রের বক্তব্য অনুযায়ী প্রশাসন এগোচ্ছে না। দফায় দফায় ৩৬ মিটিং ও আলোচনা হচ্ছে।

এদিকে গত রবিবার রাত সাড়ে ৭টায় বাকুবি গেন্ট হাউসে প্রক্টর প্রফেসর ড. হারুন-অর রশিদ, অ্যাডভাইজর প্রফেসর নজরুল হাছান, জাপসী রাবেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. শহীদুল হক চৌধুরী, প্রভোস্ট কাউন্সিলর আহম্মদুল প্রফেসর ড. রেজাউল করিম, অ্যাগ্রোনমি ডিপার্টমেন্টের প্রফেসর ড. সাইফুল হক চৌধুরীর সঙ্গে সুলতানা রাজিয়া ও জাপসী রাবেয়া হলের ছাত্রী প্রতিনিধিরা



আলোচনায় বসেন। ছাত্রীরা জানান, বাকুবি প্রশাসন নতুন ছাত্রীদের জন্য দুই মাসের ডাবলিং কার্যক্রম বহাল রাখতে চাচ্ছে। এরপর তাদের জন্য সুষ্ঠু আবাসন ব্যবস্থা করা হবে। কিন্তু ছাত্রীরা প্রশাসনের প্রস্তাবে রাজি হয়নি। সাড়ে ৭টা থেকে রাত সাড়ে ১১টা পর্যন্ত প্রশাসনের এ আলোচনা

থেকে কোনো রেজাল্ট আসেনি। এদিকে সোমবার বাকুবি প্রক্টর, অ্যাডভাইজরসহ একটি টিম সুলতানা রাজিয়া হলে সার্ভে করতে যায়। ছাত্রীরা জানান, সেখানে পরিত্যক্ত আইসোলেশন রুম, লাইব্রেরি রুম, জিমনেসিয়াম রুম, ডাইনিংয়ের পাটিশন রুম, টিডি রুম, নতুন আইসোলেশন রুম ও পরিত্যক্ত কৃষি ব্যাংক মিলিয়ে গণরুম করার পায়তারা চলছে। নাম প্রকাশে অনিশ্চুক ছাত্রীরা জানান, উল্লিখিত রুমগুলোতে প্রশাসন ৮৮টি আসন ধুজে সেখানে ১৬৬ জন নতুন ছাত্রী ওঠাতে চাচ্ছে।